জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
ই-মেইলঃ b.university.pro@gmail.com
ওয়েব সাইটঃ bu.ac.bd; ফোনঃ ০১৭১১০০১৯০৫

Office of the Public Relations
University of Barishal
E-mail: b.university.pro@gmail.com
Web: bu.ac.bd; Mobile: 01711001905

তারিখঃ ০৪/০৩/২০২৬খ্রিঃ

**বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১১-২০ গ্রেডের সাধারণ কর্মচারীবৃন্দের ৬দফা অধিকার বাস্তবায়ন দাবীর প্রেক্ষিতে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসনের অবস্থান নিম্নে তুলে ধরা হলঃ-**

**১। আপগ্রেডেশন বোর্ড সংক্রান্ত দাবীর বিষয়ে প্রশাসনের অবস্থানঃ-**

গত ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আইন শাখা হতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর প্রেরিত পত্র (স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.০৯৩.০৪.০০০৩.২২.৮৪) এর মাধ্যমে জানা যায় যে, জনাব মনোজ বৈরাগী, পিতা মহানন্দ বৈরাগী, সিনিয়র সেকশন অফিসার (গ্রেড-৯), প্রক্টর অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য গ্রেড আপগ্রেডেশনের জন্য মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন দায়ের করেন (রিট পিটিশন নং ৬৪৯০/২০২৫)। এই পিটিশনের নথি দ্রুত যাচাই বাছাই পূর্বক আপগ্রেডেশন প্রদানে কোন আইনি জটিলতা রয়েছে কিনা বিষয়টি খতিয়ে দেখে আপগ্রেডেশনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, গত ০১/০১/২০২৬ তারিখ ইউজিসি বরিশাল বিশ্ববিদ্যালয়ের নিয়োগ/পদোন্নতি/পদোন্নয়ন(পর্যায়োন্নয়ন)সহ অন্যান্য প্রশাসনিক নিয়ম প্রতিপালন বিষয়ে রেজিস্ট্রার বরাবর একটি পত্র প্রেরণ করে। এতে উল্লেখ করা হয় যে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী চাকুরী, পেনশন, পদোন্নতি, পর্যায়োন্নয়নসহ সংশ্লিষ্ট সকল সংবিধি, বিধি, প্রবিধি ইত্যাদি সংশোধন ও প্রযোজ্য ক্ষেত্রে প্রণয়ন করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। পরবর্তীতে কেবল অনুমোদিত সংবিধি অনুসারে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পর্যায়োন্নয়ন দেয়া যাবে এবং ইউজিসির এই পত্র প্রাপ্তির ১ মাসের মধ্যে সংবিধি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। নিয়মানুযায়ী উপরোক্ত সকল বিষয় দ্রুত নিস্পত্তি স্বাপেক্ষে আপগ্রেডেশনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**আপগ্রেডেশন প্রাপ্যতার তারিখ থেকেই কার্যকর করার বিষয়ে প্রশাসনের অবস্থানঃ**

এ বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৮২ তম সিন্ডিকেট সভার (২৩/০১/২০২৪) ১২৭১ নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন পদে পদোন্নতিসহ আর্থিক সুবিধার প্রাপ্যতার তারিখ থেকে কার্যকর করার বিষয়ে সুপারিশ প্রদানের জন্য ১৮/০২/২০২৪ তারিখ ৩ সদস্যের একটি কমিটি গঠন করে দেয়া হয়েছিলো। এ কমিটির কার্যক্রম চলমান থাকায় তার চুড়ান্ত রিপোর্ট পাওয়া যায়নি। তবে কমিটি মৌখিকভাবে মাননীয় উপাচার্যকে জানিয়েছেন যে, আইনগত ভাবে প্রাপ্যতার তারিখ থেকে আর্থিকসুবিধা পাওয়ার কোন সুযোগ নেই।

**২। সিন্ডিকেট অনুমোদিত অধিককাল সময়ের কাজের বকেয়া বিল প্রদান প্রসঙ্গে প্রশাসনের অবস্থানঃ**

উপর্যুক্ত বিষয়ের আলোকে বিশ্ববিদ্যালয়ের গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ ভূক্তদের আপাতত ২মাসের বকেয়া অধিকাল ভাতা প্রদানের জন্য ইতোমধ্যেই অর্থ শাখাকে জরুরি নির্দেশনা প্রদান করা হয়েছে।

**৩। দ্রুততম সময়ের মধ্যে সরল সুদে সাধারণ গৃহনির্মান ঋণ প্রকল্প বাস্তবায়নের বিষয়ে প্রশাসনের অবস্থানঃ**

বরিশাল বিশ্ববিদ্যালয় এবং সোনালী ব্যাংক পিএলসি, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার মধ্যে সমঝোতা স্মারক অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা গৃহনির্মান/ফ্লাট ক্রয়ের জন্য ৯% সরল সুদে ঋন সুবিধা

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
ই-মেইলঃ b.university.pro@gmail.com
ওয়েব সাইটঃ bu.ac.bd; ফোনঃ ০১৭১১০০১৯০৫

Office of the Public Relations
University of Barishal
E-mail: b.university.pro@gmail.com
Web: bu.ac.bd; Mobile: 01711001905

প্রাপ্ত হচ্ছেন। যার মধ্যে ৪% সুদ ঋণ গ্রহীতা বহন করবেন এবং ৫% সুদ সরকার ভর্তুকি হিসেবে প্রদান করবেন। ইতোমধ্যেই বিশ্ববিদ্যালয়ের বেশকিছু শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এই সুবিধা গ্রহণ করেছেন।

**৪। সার্ভিস রুল ও পেনশন বিধিমালার বিষয়ে প্রশাসনের অবস্থানঃ**
সার্ভিস রুল প্রণয়নের লক্ষ্যে ইতোমধ্যেই কমিটি গঠনের জন্য প্রশাসনের পক্ষ হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দ্রুততম সময়ে এ কমিটি কাজ শুরু করবে এবং রিপোর্ট পাওয়া মাত্র এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পেনশনের বিষয়ে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও বিধি পর্যালোচনার নিমিত্তে গঠিত কমিটির ২২/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের ভিত্তিতে সংশোধিত 'বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন সংবিধি-২০২৫' বিশ্ববিদ্যালয় আইনের ৩৫(ণ) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক চূড়ান্ত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে গত ০৪/১২/২০২৫ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে (স্মারক নং- বিইউ/রেজি/প্রশাসন/বিধি ও নীতিমালা/ভলি-৪/৫০১/২০২৫/৪০৮২)।

**৫। বিভিন্ন সংগঠনের সাংগঠনিক কার্যক্রম সক্রিয় করণ বিয়য়ে প্রশাসনের অবস্থানঃ**
উপরোক্ত বিষয়টি যেহেতু বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিন্ডিকেটের মাধ্যমে স্থগিত রাখা হয়েছে, সেহেতু সিন্ডিকেটের মাধ্যমেই বিষয়টি সুরহা করা হবে।

**৬। স্বাস্থ্য বীমা, আবাসন ও কল্যান তহবিল সংক্রান্ত দাবীর বিষয়ে প্রশাসনের অবস্থানঃ** - স্বাস্থ্য বীমার বিষয়টি পরবর্তী সিন্ডিকেট সভায় উত্থাপন করা হবে এবং অনুমোদন স্বাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে এবিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ে বর্তমানে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের পর্যাপ্ত আবাসনের সংকট রয়েছে। বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় পর্যায়ের উন্নয়ন প্রকল্পের জন্য যে ফিজিবিলিটি স্ট্যাডি করা হয়েছে তা বাস্তবায়িত হলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য হল নির্মানসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আবাসনের জন্য কোয়ার্টার নির্মাণ করা হবে। কল্যান তহবিলের ক্ষেত্রে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কল্যান তহবিলের ব্যবস্থাপনা ও পরিচালনার নিমিত্তে গত ১৪/১০/২০২৫ তারিখ বিশ্ববিদ্যালয় আইনের ১ম সংবিধির ধারা ২৩(৭) মোতাবেক ৬ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টিবোর্ড গঠন করা হয় (স্মারক নং- বিইউ/রেজি/প্রশাসন/সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত কমিটি/৬৫০/২০২৪/৪০২৮)। যারা ইতোমধ্যে কাজ শুরু করেছেন এবং কমিটির রিপোর্ট প্রদান স্বাপেক্ষে এটিও কার্যকর করা হবে।

**বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১১-২০ গ্রেডের সাধারণ কর্মচারীদের উপরোক্ত সকল দাবীর বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন আন্তরিক রয়েছেন। এক্ষেত্রে প্রশাসন সকলের সার্বিক সহযোগীতা কামনা করছেন এবং সকলের কাছ থেকে সহনশীলতা প্রত্যাশা করছেন।**

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে
স্বা/-
(মো. ফয়সল মাহমুদ)
উপ-পরিচালক
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়